গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের দপ্তর
বাংলাদেশ রেলওয়ে
পাহাড়তলী, চট্টগ্রাম-৪২০২।
☎+৮৮(০৩১)-৬৫৯৬০৪ -✉ ccspht@railway.gov.bd

নং- ৫৪.০১.১৫৪৩.৩৪১.৩১.০০১.২৫ তারিখঃ ২১/০১/২০২৬ ইং।

# বিশেষ বিজ্ঞপ্তি

১. এতদ্বারা এই ক্রয় দপ্তরের তালিকাভুক্ত সরবরাহকারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের জন্য **তালিকাভুক্তি হালনাগাদ করার লক্ষ্যে ২২-০২-২০২৬ ইং তারিখের মধ্যে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম দপ্তরের সিটিসি শাখায় হালনাগাদ ট্রেড লাইসেন্স (সত্যায়িত), হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র (সত্যায়িত), অনলাইনে সংগৃহীত BIN (13 Digit) সম্বলিত হালনাগাদ মূল্য সংযোজন** কর নিবন্ধন পত্র (সত্যায়িত), আর্থিক সক্ষমতার সনদ (মূলকপি) এবং "এ-চালানের" মাধ্যমে নবায়ন ফি ২,০০০.০০ টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে নবায়ন ফি ১৫০০.০০ টাকা **(A Challan Code-1422335, Office of the Director General, Bangladesh Railway)** এবং ১৫% ভ্যাট **(A Challan Code-1141101, Custom, Excise& Vat Commissionerate, Chattogram)** জমা প্রদান করে মূল চালান কপি সহ আপনাদের অফিসিয়াল লেটার প্যাডে ফরওয়ার্ডিং লেটার এর মাধ্যমে এই দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২. যে সকল প্রতিষ্ঠান এই দপ্তরে ২০২৫ সালের পূর্বে তালিকাভুক্তি থাকা সত্ত্বেও পরবর্তীতে হালনাগাদ করেন নাই তাদেরকেও উক্ত সময়ের মধ্যে বিলম্ব ফি সহ অপরিশোধিত বকেয়া নবায়ন ফি ও ভ্যাট "এ চালানের" মাধ্যমে পরিশোধ পূর্বক চালানের মূলকপি এবং উপরে বর্ণিত সকল হালনাগাদ দলিলাদি সহ আপনাদের অফিসিয়াল লেটার প্যাডে ফরওয়ার্ডিং লেটারের মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৩. যথা সময়ে বর্ণিত সকল হালনাগাদ দলিলাদি এবং "এ-চালান" দাখিলে ব্যর্থ হলে তাদের তালিকাভুক্তি ২০২৬ সালের জন্য স্থগিত থাকবে।

৪. নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক তালিকাভুক্তি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২১।১।২৬

**(মোঃ আরিফুজ্জামান শিকদার)**
জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়-১)
☎ +8801711 692926
✉dcosp1@railway.gov.bd